

সংবাদ বিজ্ঞপ্তি

## দৈনিক আয়ের উপর নির্ভরশীল মানুষের পাশে সামিট



**ছবি ক্যাপশন:** সামিট গ্রুপের ভাইস-চেয়ারম্যান মো. ফরিদ খান মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউসের কাছে দৈনিক আয়ের উপর নির্ভরশীল জনগোষ্ঠীর সহায়তার জন্য ৩ কোটি টাকা অনুদানের চেক হস্তান্তর করেন গতকাল রবিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসময় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অংশগ্রহণ করেন।

**(ঢাকা) ৩০শে মার্চ ২০২০, সোমবার:**

বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি শিল্পগোষ্ঠী সামিট গ্রুপ, করোনা ভাইরাস মহামারি মোকাবিলায় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে তিন কোটি টাকা সহায়তা দিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে তাঁর কার্যালয়ে মুখ্য সচিব ড. আহমদ কায়কাউস এই চেক গ্রহণ করেন। বাংলাদেশের উল্লেখযোগ্য সংখ্যক জনগোষ্ঠী দৈনিক আয়ের উপর নির্ভরশীল, তাঁদের পাশে দাঁড়ানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রী এসময় অনুদান প্রদানকারি প্রতিষ্ঠানসমূহ এবং ব্যক্তিগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ইতোমধ্যে দেশে করোনা ভাইরাস মোকাবিলায় সামিট গ্রুপ, কার্যকরভাবে এবং দ্রুততার সাথে আন্তর্জাতিক বিমানবন্দরসমূহে আগত যাত্রীদের এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ে আগত কর্মকর্তা ও অতিথিদের তাপমাত্রা শনাক্তকরণের জন্য সরকারকে ৫টি বিশ্বমানের থার্মাল স্ক্যানার উপহার দিয়েছে এবং অতি শীঘ্রই আরও দুটি

থার্মাল স্ক্যানার দেওয়ার আশা প্রকাশ করেছে। এছাড়া সামিট বিশেষভাবে প্রস্তুতকৃত উন্নতমানের দুই হাজার সুরক্ষা পোশাক এবং পঞ্চাশ হাজার মাস্ক দেবে, যেগুলো চীন থেকে আসার পথে রয়েছে। প্রতিষ্ঠানটি রাজধানীর কামরাঙ্গীরচরে অবস্থিত সীড ট্রাস্টকে সহায়তা করছে অসহায় দ্রুত প্রতিবন্ধী শিশু যারা সাধারণ জনগোষ্ঠীর তুলনায় অসুরক্ষিত তাঁদের পাশে থাকার জন্য।

#### সংক্ষেপে সামিট সম্পর্কে:

বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো উন্নয়নকারি প্রতিষ্ঠান সামিট, দেশের বৃহত্তম স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারি এবং বেসরকারি বন্দর পরিচালনাকারি প্রতিষ্ঠান। এছাড়া এই শিল্পগোষ্ঠীর হসপিটালিটি, ফাইবার অপটিকস, টাওয়ার, হাই-টেক পার্ক, শিপিং, তেল সরবরাহসহ অন্যান্য ব্যবসা রয়েছে।

#### বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫